

প্রথম আলো

তারিখ... 13 JUN 2015 ...  
পৃষ্ঠা... ৮... কলাম... ১

জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ভর্তি পরীক্ষা ১০  
অক্টোবর, দ্বিতীয়  
বার সুযোগ থাকছে

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আগামী ২০১৫-  
১৬ শিক্ষাবর্ষের স্নাতক ও বিবিএ প্রথম  
সেমিস্টারের ভর্তি পরীক্ষা আগামী ১০  
অক্টোবর থেকে শুরু হবে।  
বিশ্ববিদ্যালয়টিতে শেষবারের মতো  
দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ  
পাচ্ছেন ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের  
ভর্তি পরীক্ষা কমিটির এক সভায় এ  
সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার যো.  
ওহিদুজ্জামান প্রথম আলোকে জানান,  
ভর্তি পরীক্ষা কমিটির সভার সিদ্ধান্ত  
অনুযায়ী অক্টোবরের ১০, ১৭, ২৪ ও ৩১  
ও ৭ নভেম্বর পরীক্ষা অনুষ্ঠিত হবে।  
অনুষদের নামগুলো পরে জানানো  
হবে। এ ছাড়া, ভর্তি-ইচ্ছুক  
শিক্ষার্থীদের সবকিছু বিবেচনা করে  
২০১৫-১৬ শিক্ষাবর্ষে দ্বিতীয়বার ভর্তি  
পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দেওয়া  
হচ্ছে।